



দুবাই বন্দরে কুয়েতি তেলবাহী ট্যাংকারে হামলার অভিযোগ



ছবি: এএফপি

সংযুক্ত আরব আমিরাতের দুবাই বন্দরে নোঙর করা কুয়েতের তেলবাহী ট্যাংকার ‘আল-সালমি’ হামলার শিকার হয়েছে বলে দাবি করেছে কুয়েত পেট্রোলিয়াম করপোরেশন (কেপিসি)। আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল-জাজিরার প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

কেপিসি এক বিবৃতিতে ঘটনাটিকে ইরানের ‘সরাসরি ও অপরাধমূলক’ হামলা হিসেবে আখ্যা দিয়েছে। কুয়েত নিউজ এজেন্সির মাধ্যমে প্রকাশিত ওই বিবৃতিতে বলা হয়, হামলার সময় ট্যাংকারটি সম্পূর্ণ তেলে বোঝাই ছিল।

হামলায় জাহাজটির কাঠামোগত ক্ষতি হয়েছে এবং এতে আগুন ধরে যায়। ফলে আশপাশের সমুদ্রে তেল ছড়িয়ে পড়ার ঝুঁকি তৈরি হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে।

এদিকে দুবাই মিডিয়া অফিস জানিয়েছে, ট্যাংকারে থাকা ২৪ জন নাবিকই নিরাপদে আছেন। আগুন নিয়ন্ত্রণে আনতে উদ্ধারকর্মীরা কাজ চালিয়ে যাচ্ছেন।

LENS ASIA